



## বিদ্যুৎ বিভাগ

### বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

# বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হউন

- ❖ বিদ্যমান আইন অনুযায়ী দোকানপাট, মার্কেট ও বিপনী বিতানসমূহ রাত ৮:০০ টার মধ্যে বন্ধ করুন।
- ❖ পিক আওয়ারে রি-রোলিং মিল, ওয়েল্ডিং মেশিন, ওভেন, ওয়াশিং মেশিন, ইঞ্জি ইত্যাদির ব্যবহার বন্ধ রাখুন।
- ❖ বিকাল ৩:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত সিএনজি পাম্প বন্ধ রাখুন।
- ❖ সুপার মার্কেট, পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে অতিরিক্ত বাতি ব্যবহার করবেন না।
- ❖ এলইডি বাল্ব ব্যবহার করে অর্থের সাশ্রয় করুন।
- ❖ হলিডে স্ট্যাগারিং এর নিয়মানুযায়ী সাপ্তাহিক ছুটির দিনে দোকানপাট বন্ধ রাখুন।
- ❖ এসি'র তাপমাত্রা ২৫° সেলসিয়াস বা তার উপরে রাখুন।
- ❖ দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন ও সূর্যের আলো ব্যবহার করুন।
- ❖ বৈদ্যুতিক আলোক সজ্জা ও অতিরিক্ত লাইট/ফ্যান ব্যবহার পরিহার করুন।
- ❖ ঘর থেকে বের হবার সময় বিদ্যুতের সুইচ বন্ধ করুন।
- ❖ অবৈধ বিদ্যুৎ ব্যবহার থেকে বিরত থাকুন।
- ❖ ইজিবাইক, অটো রিক্সা ইত্যাদির ব্যাটারি অবৈধভাবে চার্জিং করবেন না।

বিদ্যুৎ বিভাগ



## বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

### আসন্ন পবিত্র রমজান এবং গ্রীষ্ম মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহ্বান

আসন্ন পবিত্র রমজান এবং গ্রীষ্ম মৌসুমে সর্বস্তরের বিদ্যুৎ গ্রাহকগণকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা প্রদানের জন্য বিদ্যুৎ বিভাগ এবং এর অধিনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানীসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিদ্যুতের সশ্রয়ী ও সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সুযোগ সৃষ্টির জন্য বিদ্যুৎ বিভাগ গ্রাহকগণকে নিম্নোক্ত পদক্ষেপসমূহ প্রতিপালনের আহ্বান জানাচ্ছে:

- ❖ আসন্ন রমজান মাসে দোকানপাট, মার্কেট ও বিপনী বিতানসমূহ বিদ্যমান আইন অনুসরণ করে খোলা রাখুন;
- ❖ আসন্ন রমজান মাসে পিক আওয়ারে রি-রোলিং মিল, ওয়েল্ডিং মেশিন, ওভেন, ইঞ্জির দোকানসহ অধিক বিদ্যুৎ ব্যবহারকারি সরঞ্জামাদির ব্যবহার বন্ধ রাখুন;
- ❖ সুপার মার্কেট, পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে প্রয়োজনের অতিরিক্ত বাতি ব্যবহার থেকে বিরত থাকুন;
- ❖ দোকানপাট ও মার্কেট সমূহে ইফতার ও তারাবীর সময় এসি ব্যবহার বন্ধ রাখুন;
- ❖ বিদ্যুতের অপচয় রোধে এলইডি বাল্ব ব্যবহার করুন;
- ❖ হলিডে স্ট্যাগারিং এর নিয়মানুযায়ী সাপ্তাহিক ছুটির দিনে দোকানপাট বন্ধ রাখুন;
- ❖ বিকাল ৩:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত সিএনজি পাম্প বন্ধ রাখুন;
- ❖ দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন ও সূর্যের আলো ব্যবহার করুন;
- ❖ বৈদ্যুতিক আলোক সজ্জা ও অতিরিক্ত লাইট/ফ্যান ব্যবহার পরিহার করুন;
- ❖ ঘর থেকে বের হবার সময় বিদ্যুতের সুইচ বন্ধ করুন;
- ❖ অবৈধ বিদ্যুৎ ব্যবহার থেকে বিরত থাকুন;
- ❖ পিক আওয়ারে বৈদ্যুতিক বিলবোর্ড বন্ধ রাখুন;
- ❖ ইজিবাইক, অটো রিক্সা ইত্যাদির ব্যাটারি অবৈধভাবে চার্জিং করবেন না;
- ❖ আপনার এসির তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াস বা তার উপরে রাখুন;
- ❖ কোন কারনে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে ধৈর্য্য সহকারে কর্তৃপক্ষকে সহযোগিতা করুন।

বিদ্যুৎ বিভাগ